

বাংলাদেশি শিক্ষার্থীদের সুখবর দিয়ে যুক্তরাষ্ট্র দূতাবাসের পোস্ট

- A Monitor Desk Report

Date: 20 January, 2026



ঢাকাঃ যুক্তরাষ্ট্রে উচ্চশিক্ষায় আগ্রহী বাংলাদেশি শিক্ষার্থীদের জন্য সুখবর দিয়েছে ঢাকাস্থ মার্কিন দূতাবাস। F (এফ) এবং M (এম) ভিসায় যুক্তরাষ্ট্রে ভ্রমণকারী শিক্ষার্থীদের জন্য কোনো ভিসা বন্ড প্রযোজ্য নয় বলে জানানো হয়েছে।

মঙ্গলবার (২০ জানুয়ারি) ঢাকার মার্কিন দূতাবাস তাদের ভেরিফায়েড ফেসবুক পেজে এই তথ্য নিশ্চিত করেছে।

এতে বলা হয়, ভিসা বন্ড দেওয়ার বিষয়টি শুধুমাত্র নির্দিষ্ট কিছু ব্যবসা ও পর্যটন ভিসা (B1/B2) আবেদনকারীদের ক্ষেত্রে প্রযোজ্য। শিক্ষার্থী ভিসা (F ও M) আবেদনকারীদের এ নিয়ে বিভ্রান্ত হওয়ার কোনো কারণ নেই।

মার্কিন দূতাবাস জানায়, ২০২৬ সালের ২১ জানুয়ারি থেকে যোগ্য বাংলাদেশি B1/B2 ভিসা আবেদনকারীদের ভিসা ইস্যুর আগে সর্বোচ্চ ১৫ হাজার মার্কিন ডলার পর্যন্ত বন্ড পরিশোধ করতে হতে পারে। তবে ভিসা সাক্ষাৎকারের আগে কোনো অবস্থাতেই বন্ড পরিশোধ না করার জন্যও আবেদনকারীদের সতর্ক করা হয়েছে।

দূতাবাস আরও জানায়, যুক্তরাষ্ট্রের ভিসা সংক্রান্ত সঠিক ও হালনাগাদ তথ্য জানতে আবেদনকারীদের যেন শুধুমাত্র অফিসিয়াল ওয়েবসাইট ভিজিট করা হয়।

এই ঘোষণায় শিক্ষার্থী ও অভিভাবকদের মধ্যে স্বস্তি ফিরে এসেছে বলে মনে করছেন সংশ্লিষ্টরা।

-B